গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সংস্থাপন অধিশাখা
**www.cabinet.gov.bd**

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১১.১১.০০০২.২৫.

তারিখ: ৯ অগ্রহায়ণ ১৪৩২
২৪ নভেম্বর ২০২৫

**প্রজ্ঞাপন**

মন্ত্রিপরিষদ বিভাগের আওতাধীন তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘরের রাজস্বখাতভুক্ত "সহকারী প্রোগ্রামার" পদে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক মনোনীত ৯ম গ্রেডে ২২০০০-৫৩০৬০/- টাকার বেতনস্কেলে (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) নিম্নোক্ত প্রার্থীকে অস্থায়ীভাবে নিয়োগ করা হলো:

| ক্রম | নাম, পিতা ও মাতার নাম | ঠিকানা | প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর |
|---|---|---|---|
| ১. | শিপন তরফদার<br>পিতা-মোঃ জহুরুল তরফদার<br>মাতা-মোছাঃ রমিছা বেগম | গ্রাম-বগারপাড়<br>ডাকঘর-বগারপাড়<br>উপজেলা-সরিষাবাড়ী<br>জেলা-জামালপুর | রেজিস্ট্রেশন নম্বর- 004142 |

নিয়োগের শর্তাবলি:

(ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে।

(খ) নিয়োগপ্রাপ্ত প্রার্থী যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান ঘটাতে পারবেন।

(গ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় শারীরিক যোগ্যতা সম্পর্কে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র ও 'ডোপ টেস্ট' সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও ডোপ টেস্ট প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(ঘ) এ নিয়োগপত্রে কোন শর্ত সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত সরকারের প্রচলিত আইন, বিধিমালা, আদেশ এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(ঙ) প্রার্থী চাকরিতে যোগদানের জন্য কোন টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

০২। উপর্যুক্ত শর্তাবলিতে চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১০-১২-২০২৫ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত
(খন্দকার মনোয়ার মোর্শেদ)
উপসচিব (সংস্থাপন)
পরিচিতি নম্বর-১৫৭৬১
ফোন: ০২-২২৬৬৪১০৫১
ই-মেইল establishment_sec@cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১১.১১.০০০২.২৫.৫১৩

তারিখ: ৯ অগ্রহায়ণ ১৪৩২
২৪ নভেম্বর ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। সচিব, অর্থ বিভাগ
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি), মন্ত্রিপরিষদ বিভাগ।
৫। যুগ্মসচিব (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।
৬। যুগ্মসচিব (সংযুক্ত), ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭। যুগ্মসচিব (সংযুক্ত) (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা ও বাজেট অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৮। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
৯। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), তোশাখানা ইউনিট, মন্ত্রিপরিষদ বিভাগ।
১০। সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
১১। উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
১২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মন্ত্রিপরিষদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা (ডিডিও), হিসাব শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
১৪। জনাব শিপন তরফদার, পিতা-মোঃ জহরুল তরফদার, মাতা-মোছাঃ রমিছা বেগম, গ্রাম-বগারপাড়, ডাকঘর-বগারপাড়, উপজেলা-সরিষাবাড়ী, জেলা-জামালপুর।
১৫। অফিস কপি/মাস্টার কপি।

২৪.১১.২০২৫

(খন্দকার মনোয়ার মোর্শেদ)
উপসচিব